গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়,জামালপুর।
coop.jamalpur.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

নম্বর ৪৭.৬১.৩৯০০.০০০.০৫.০০২.২২.৬১

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০৩/২০২৩ খ্রি. তারিখ, সকাল ১০.০০ ঘটিকায় জেলা সমবায় কর্মকর্তা, জামালপুর(ভা:প্রা:) এর অফিস কক্ষে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নৈতিকতা কমিটির সদস্যদের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠিতব্য সভায় কমিটির সদস্যগণদের যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী:

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।
৩। কর্মপরিকল্পনা পরিবেশ উন্নয়ন সংক্রান্ত।
৪। ২০২২-২৩ অর্ত বছরের ক্রয় পরিকল্পনা সংক্রান্ত।
৫। সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টার যাচাই সংক্রান্ত।

৫-৩-২০২৩
মো: আতিকুর রহমান
জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ফোন: ০২৯৯৭৭৭২২০৪
ইমেইল:
dco.jamalpur@coop.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মো: হেলাল উদ্দিন, প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়, জামালপুর।
২) এস,এম, মুশফিকুর রহমান, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, জামালপুর।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নে জেলা সমবায় কার্যালয়, জামালপুর এর নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী-

সভাপতি: মোহাম্মদ আতিকুর রহমান,
জেলা সমবায় অফিসার (ভা:প্রা:), জামালপুর
সভার স্থান- জেলা সমবায় অফিসার এর অফিস কক্ষ
তারিখ- ০৯/০৩/২০২৩খ্রি:, সময়- সকাল- ১০:০০ঘটিকায়

উপস্থিত ব্যক্তিবর্গদের স্বাক্ষর-

| ক্রমিক নং | সদস্যগণের নাম ও ঠিকানা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোহাম্মদ আতিকুর রহমান, জেলা সমবায় অফিসার (ভা:প্রা:) জামালপুর | সভাপতি | |
| ০২ | জনাব এস, এম, মুশফিকুর রহমান, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, জামালপুর | সদস্য | |
| ০৩ | জনাব মো: হেলাল উদ্দিন, প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়, জামালপুর | সদস্য | |
| ০৪ | জনাব পাভীন আক্তার, হিসাব রক্ষক, জেলা সমবায় কার্যালয়, জামালপুর | সদস্য | |

আলোচ্য সূচি:

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

২। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন

৩। কর্মপরিকল্পনা পরিবেশ উন্নয়ন

৪। ২০২২-২৩অর্থ বছরের ক্রয় পরিকল্পনা

৫। সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টার যাচাই

অদ্যকার সভায় নৈতিকতা কমিটির সভাপতি জনাব মোহাম্মদ আতিকুর রহমান, জেলা সমবায় অফিসার (ভা:প্রা:), জামালপুর সভাপতির আসন গ্রহন করেন। উপস্থিত ব্যক্তিবর্গদের স্ব-স্ব আসন গ্রহন করার আহবান ব্যক্ত করে; সভার পরবর্তী কার্যক্রম অদ্যকার সভার আলোচ্য সূচি মোতাবেক পরিচালনা করার জন্য আদেশ দেন।

সভাপতি সাহেবের আদেশে ০১ নং আলোচ্য সূচি মোতাবেক সদস্য এস,এম, মুশফিকুর রহমান, পরিদর্শক বিগত সভার কার্যবিব--রণীখানা উপস্থিত ব্যক্তিবর্গদের উদ্দেশ্যে পাঠ করে শুনানো হয়; উক্ত পঠিত কার্যবিবরণীর উপর কারো কোন প্রকার আপত্তি বা সংযোজনী বা বিয়োজন না থাকায় পঠিত কার্যবিবরণীখানা উপস্থিত ব্যক্তিবর্গদের সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

অদ্যকার সভার সম্মানীত সভাপতি সাহেবের সম্মতিক্রমে ০২নং আলোচ্য সূচি মোতাবেক; জনাব এস,এম, মুশফিকুর রহমান, পরিদর্শক ও ফোকাল পয়েন্ট আরো প্রস্তাব করেন যে, সুশাসন ও সংস্কার মূলক অংশে ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা আবশ্যক; উক্ত প্রস্তাবখানা উপস্থিত ব্যক্তিবর্গদের মাঝে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করণ সংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে-

০১। আগামী ত্রৈমাসিক প্রান্তিকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হইল

০২। কার্যক্রম অনুসারে নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অব্যাহত আছে।

অদ্যকার সভার সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে ০৩নং আলোচ্য সূচি মোতাবেক; জনাব মো: হেলাল উদ্দিন, প্রশিক্ষক প্রস্তাব করেন যে, সুশাসন ও সংস্কার মূলক অংশে ১.৫ কর্মপরিকল্পনা পরিবেশ উন্নয়ন স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছনতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি করা আবশ্যক; উক্ত প্রস্তাবখানা উপস্থিত ব্যক্তিবর্গদে-র মাঝে বিস্তারিত আলোচনান্তে-

০১। এ দপ্তরে কর্মরত সকল কর্মচারীদের স্ব-স্ব ডেস্ক সারবক্ষণিক পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা হবে।

অদ্যকার সভার সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে ০৪নং আলোচ্য সূচি মোতাবেক; জনাব পারভীন আক্তার, হিসাব রক্ষক প্রস্তাব করেন যে, সুশাসন ও সংস্কার মূলক অংশে ২.১ ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ত্রৈমাসিক ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশ করা আবশ্যক; উক্ত প্রস্তাবখানা উপস্থিত ব্যক্তিবর্গদের মাঝে বিস্তারিত আলোচনান্তে-

০১। এ দপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ত্রৈমাসিক ভিত্তিতে ৩য় প্রান্তিকের পরিকল্পনা বিগত ০৩/০১/২৩খ্রি. তারিখে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে এবং ৪র্থ প্রান্তিকের ক্রয় পরিকল্পনাও এপ্রিল/২৩ মাসের মধ্যে করা হবে।

অদ্যকার সভার সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে ০৫নং আলোচ্য সূচি মোতাবেক; জনাব মো: হেলাল উদ্দিন, প্রশিক্ষক প্রস্তাব করেন যে, সুশাসন ও সংস্কার মূলক অংশে ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষন সূচকটি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা আবশ্যক; উক্ত প্রস্তাবখানা উপস্থিত ব্যক্তিবর্গদের মাঝে বিস্তারিত আলোচনান্তে-

০১। এ দপ্তরে কর্মরত জনাব লাভলী আক্তারকে দায়িত্ব প্রদান করা হয়েছ।

অদ্যকার সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায়; সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহ যথাযর্থভাবে বাস্তবায়ন করে সেবা গ্রহনকারী বা গ্রহিতাদের **সেবা নিশ্চিত করার** লক্ষ্যে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আতিকুর রহমান
জেলা সমবায় অফিসার (ভা:প্রা:)
জামালপুর
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩

নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠানের স্থির চিত্র-







অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে স্ব-স্ব সকল ডেস্ক সাবক্ষণিক পরিস্কার পরিচ্ছন্ন অবস্থা-

সিদ্ধান্ত গ্রহনের পূর্বের অবস্থা-





সিদ্ধান্তের পরের অবস্থা-



স্ব-স্ব সকল ডেক্স পরিষ্কার পরিচ্ছন্ন